

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।


নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার বারিষাব ইউনিয়নের এবং টোক ইউনিয়নের সকল ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্রদের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সহায়তার লক্ষ্যে খাদ্যবান্ধব কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য চৌকার চালা বাজার এবং বীরউজলী বাজার কেন্দ্রে একজন করে মোট ০২ (দুই) জন খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ২৫/০১/২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর বরাবরে আবেদন এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ে জমা করার জন্য বলা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

শর্তাবলী:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে।
২. আগ্রহী প্রার্থীদেরকে তাদের নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদন করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
৪. ব্যবসায়ী হিসাবে হালসনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দিতে হবে।
৫. আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬. দোকানের মালিকানার দলিলপত্র/ভাড়াটিয়া চুক্তিনামার কপি দাখিল করতে হবে।
৭. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পন্য নিরাপদে (কমপক্ষে ১৫ মে: টন) সংরক্ষণের উপযোগী হতে হবে।
৮. মাসিক বরাদ্দকৃত সম্পূর্ণ চাল খারণক্ষমতা সম্পন্ন দোকানে ডিলারকে উক্ত চাল সংরক্ষণে সু-ব্যবস্থা করতে হবে।
৯. ডিলারকে আর্থিকভাবে স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক সলভেন্সী প্রদান করতে হবে।
১০. শান্তিপ্ৰাপ্ত/কালো তালিকাজুক্ত/বাতিল ও সাময়িকভাবে বরখাস্ত ব্যক্তি ডিলার নিয়োগের জন্য আবেদন করতে পারবে না।
১১. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১২. কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারি যে কোন শর্তাবলী ডিলারকে অনুসরণে বাধ্য থাকতে হবে।


(মো: শামাম আহমেদ)


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কাপাসিয়া, গাজীপুর।

তারিখ: ২৮/১২/২০২২ খ্রি:

স্মারক নং ১৩.০২.৩৩৩৬.০০১.৫৭.৫৯.১১.২১.

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য, গাজীপুর- ৪ প্রধান উপদেষ্টা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর, উপদেষ্টা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি কাপাসিয়া, গাজীপুর।
৫. উপজেলা কৃষি কর্মকর্তা, সম্মানিত সদস্য, খাদ্যবান্ধব কমিটির কাপাসিয়া, গাজীপুর।
৬. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, সম্মানিত সদস্য, খাদ্যবান্ধব কমিটির কাপাসিয়া, গাজীপুর।
৭. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সম্মানিত সদস্য খাদ্যবান্ধব কমিটির, কাপাসিয়া, গাজীপুর।
৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সম্মানিত সদস্য, খাদ্যবান্ধব কমিটির কাপাসিয়া, গাজীপুর।
৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সম্মানিত সদস্য, খাদ্যবান্ধব কমিটির কাপাসিয়া, গাজীপুর।
- ১০-১১. উপজেলা ভাইস চেয়ারম্যানগণ, সম্মানিত সদস্য খাদ্যবান্ধব কমিটির, কাপাসিয়া, গাজীপুর।
১২. জনাব সিটিজেন জার্নালিজম প্রতিনিধি, সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
১৪. অফিস কপি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কাপাসিয়া, গাজীপুর।